

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
[www.bb.org.bd](http://www.bb.org.bd)

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৩

তারিখঃ চৈত্র ২৯, ১৪২৭  
এপ্রিল ১২, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই  
(CMSME) খাতের জন্য ২০,০০০ কোটি টাকার বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এপ্রিল ১৩, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এবং জানুয়ারি ০৩, ২০২১ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


০২। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ হতে প্রাপ্ত তথ্য বিশ্লেষণে দেখা যাচ্ছে যে, মার্চ ৩১, ২০২১ তারিখ পর্যন্ত নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে মাত্র ৭২.৩১% বিতরণ করা হয়েছে। এমতাবস্থায়, আলোচ্য প্যাকেজের সম্পূর্ণ বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে প্রণোদনা প্যাকেজটির প্রথম পর্যায়ের (১ম বছর) বাস্তবায়নের সময়সীমা জুন ৩০, ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

০৩। এতদ্ব্যতীত উক্ত সার্কুলার ও সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(হুসনে আরা শিখা)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৫০২